



জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম অধিদপ্তর

শ্রম কল্যাণ কেন্দ্র, পাত্রখোলা, কমলগঞ্জ, মৌলভীবাজার

patrakhulaoffice@gmail.com

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.৪২৪.৯৯.০০২.২০.১৪

তারিখ: ১৪ আষাঢ়. ১৪২৭

২৮ জুন ২০২০

বিষয়: কোভিড ১৯ (করোনা) ভাইরাস সংক্রমণ প্রতিহত করণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: শ্রম অধিদপ্তর পত্র নং-৪০.০২.০০০০.০৩১.৯৯.০০১.৯২.১৭১ তারিখ: ১৫/০৩/২০২০

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী কোভিড-১৯ (করোনা) ভাইরাস সংক্রমণের সাম্প্রতিক প্রভাবে বাংলাদেশেও গত ০৮ মার্চ ২০২০ তারিখ প্রথম ০৩ (তিন) জন আক্রান্ত রোগী সনাক্ত হয়েছে {তথ্যসূত্র-রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর)}। ইতোমধ্যে বিশ্ব স্বাস্থ্য সংস্থা করোনা ভাইরাস-কে মহামারী হিসেবে ঘোষণা করেছে। উক্ত পরিপ্রেক্ষিতে, শ্রমঘন শিল্প বিশেষত: তৈরি পোশাক, চামড়া ও চামড়াজাত পণ্য, হিমায়িত পণ্য, প্লাস্টিক পণ্য, নির্মাণ ইত্যাদি সেক্টরসমূহে করোনা ভাইরাস-এর সংক্রমণ প্রতিহত করার উদ্দেশ্যে আইইডিসিআর কর্তৃক জারীকৃত নির্দেশনাসমূহ সঠিকভাবে প্রতিপালন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০১. সকল কর্মীকে দেহের তাপমাত্রা পরিমাপক থার্মাল স্ক্যানার ব্যবহারের মাধ্যমে পরীক্ষা করে কর্মক্ষেত্রে প্রবেশ করানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মালিকপক্ষকে অনুরোধ করা হলো। তাপমাত্রা স্বাভাবিকের বেশি হলে এবং সর্দি, কাশি ও শ্বাস প্রশ্বাসে সমস্যা থাকলে অর্থাৎ করোনা ভাইরাস সংক্রমণের উপসর্গ দেখা দিলে তাৎক্ষণিকভাবে উক্ত কর্মীকে বাধ্যতামূলক ছুটি প্রদান করে সংগনিরোধ (Quarantine) ব্যবস্থা গ্রহণ পূর্বক চিকিৎসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।

০২. কর্মক্ষেত্রে নিয়মিত বিরতিতে হাত ধোয়া, আইইডিসিআর কর্তৃক নির্দেশিত পছায় হাঁচি-কাশি দেয়া, করমর্দন বা কোলাকুলি থেকে বিরত থাকা, জনসমাগম পরিহার করা সর্বোপরি পরিষ্কার পরিচ্ছন্ন থাকার বিষয়ে সহকর্মীদেরকে উৎসাহিত করা ও এ বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

০৩. কোভিড-১৯ (করোনা) ভাইরাস সংক্রমণ প্রতিহত করার জন্য পরিষ্কার পরিচ্ছন্নতার কোন বিকল্প নেই। তাই নিজে পরিষ্কার থাকার পাশাপাশি এ বিষয়ে সকল সহকর্মীকে সচেতন করে তুলতে হবে। যদি জ্বর, সর্দি, কাশি ও শ্বাস প্রশ্বাসে অসুবিধা হয় তাহলে দূত অসুস্থ ব্যক্তিকে চিকিৎসা কেন্দ্রে পৌছানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ও অনুরোধ করা হলো। সূত্রোক্ত পত্রের নির্দেশক্রমে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে চিকিৎসা কর্মকর্তা জনাব ডাঃ রিপন ভৌমিককে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে মনোনিত করা হলো এবং জরুরি সেবা প্রদানের উদ্দেশ্যে ২৪ ঘন্টা হট লাইন ফোন নাম্বার সহ নিম্নরূপ কন্টোলরুম চালু করা হলো।

ক্র.নং	নাম ও পদবী	মোবাইল নাম্বার
০১	জনাব মোঃ নাহিদুল ইসলাম, উপপরিচালক	01675-183524
০২	জনাব ডাঃ রিপন ভৌমিক, চিকিৎসা কর্মকর্তা	01717-446965
০৩	জনাব পলাশ চন্দ্র ঘোষ, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	01737-303282

এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়ে অত্র পত্রের নির্দেশনা অনুসরণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিতরণঃ ব্যবস্থাপক, মনু দলইভ্যালী সকল চা বাগান।

মহাপরিচালক
শ্রম অধিদপ্তর

২৮-৬-২০২০
মোহাম্মদ নাহিদুল ইসলাম
আয়ন ব্যয়ন কর্মকর্তা



২৮-৬-২০২০
পলাশ চন্দ্র ঘোষ
অফিস সহকারী